শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২৩.২৮৭২

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ' ১৪৩০ বঙ্গাঃ
৩০ মে' ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর পরিবহনের দরপত্র বিজ্ঞপ্তি আহবান প্রসঙ্গে।**

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর পরিবহনের জন্য (লোডিং-আনলোডিংসহ) বাংলাদেশের প্রকৃত পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | মালামালের বিবরণ | দূরত্ব (কিঃমিঃ) | যে স্থান হতে পরিবহন হবে | যে স্থানে পৌছাবে | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ Stromberg, Finland রেটিং-৫ এমভিএ সিঃ নং-৫১৫৮৪৫৮ ওজনঃ ১০.৫ টন | ৫৫ কিঃমিঃ | সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, শিরোমনি, খুলনা। | যশোর পবিস-১ (সদর দপ্তর) | | |
| ০২ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ টেকনো ভেঞ্চার রেটিং-৩.৩৩ এমভিএ সিঃ নং-০০৩ ওজনঃ ৮.২ টন | | | | | |
| ০২ | ভোল্টেজ রেগুলেটর, প্রস্তুতকারকঃ কুপার পাওয়ার রেটিং-৬৫৬ এম্পিয়ার সিঃ নং-CP০৩৩৭০০২৯৮৩ ওজনঃ ২ টন | ৫৫ কিঃমিঃ | যশোর পবিস-১ (সদর দপ্তর) | সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, শিরোমনি, খুলনা। | | |
| | | | | | **সর্বমোট=** | |

(কথায়ঃ -------------------------------------------------------------------------------------------)

শর্তাবলীঃ

০১। দরপত্র আগামী ০৬/০৬/২০২৩খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ০৬/০৬/২০২৩খ্রিঃ ১১:০৫ ঘটিকায় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) উন্মুক্ত করা হবে।

০২। দরপত্রের খামের উপরে **"পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর পরিবহনের দরপত্র"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে স্বাক্ষর ও সীলমোহর প্রদান পূর্বক সীলগালাযুক্ত করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।

**অপর পাতায়**

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রের কোথাও ঘষামাজা, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড লাগানো যাবে না।

০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ, আয়কর প্রত্যয়নপত্র ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের সময় লোডিং/ আনলোডিং বাবদ খরচ দরদাতাকে বহন করতে হবে। উদ্ধৃত দর ছাড়া অতিরিক্ত কোন বিল প্রদান করা হবে না।

০৬। পাওয়ার ট্রান্সফরমার পরিবহন, লোডিং-আনলোডিং এর সময় কোন ক্ষয়-ক্ষতি হলে বা হারিয়ে গেলে অথবা মেরামতের অযোগ্যরূপে বিনষ্ট হলে ক্ষতিপূরণ বাবদ অর্থ কার্যাদেশ প্রাপ্ত পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে।

০৭। কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে ট্রান্সফরমার পরিবহন (লোডিং-আনলোডিংসহ) কাজ সম্পাদন করতে হবে। যথাসময়ে তা করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পর দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে বিল পরিশোধ করা হবে।

০৯। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।

১০। যশোর পবিস-১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার অধিকার সংরক্ষণ করে।

১১। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইট WEB: www.pbs1.jessore.gov.bd এ দেখতে পারবেন।

০৩/০৪/২৬

**(আবু বকর শিবলী)**
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
০৩। জেলা প্রশাসক, যশোর।
০৪। পুলিশ সুপার, যশোর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................... পবিস ১/২/৩/৪।
০৬। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
০৮। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা বাঘারপাড়া উপজেলা, যশোর।
১০। ডিজিএম, কারগরী/ শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
১১। এজিএম (ওএন্ডএম),বাগআঁচড়া/বাঁকড়া/খাজুরা/রুপদিয়া/বেনাপোল/পুড়াপাড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস -১।
১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
১৩। এজিএম (আইটি) যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। মেসার্স ............................................................
১৫। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
১৬। অফিস কপি / মাস্টার কপি।

০৩/০৪/২৬

জেনারেল ম্যানেজার

# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাংগা, যশোর।

## পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর পরিবহন এর দরপত্র দলিল

দরদাতা প্রতিষ্ঠানের
নামঃ..........................................................................

**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১**

**তপসীডাংগা, যশোর**

ফোনঃ ০২৪৭-৭৭৬০১৯০

ইমেইলঃ- jessorepbs1@gmail.com

ওয়েব সাইটঃ- WWW.pbs1. Jessore.gov.bd

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: ২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০৩৫.২৩. তারিখ: ৩০/০৫/২০২৩ খ্রিঃ।

প্রতি
জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর পরিবহন"** সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ৩০/০৫/২০২৩খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবা/পরিবহনতব্য পাওয়ার ট্রান্সফরমার ও ভোল্টেজ রেগুলেটর সংক্রান্ত বিবরণ ও মূল্য তফসীল

কোটেশন নম্বরঃ ২৭.১২.৪১৪৭.৫১০.০০১.০৩৫.২৩. তারিখ: ৩০/০৫/২০২৩খ্রিঃ।

| ক্র.নং | পরিবহনতব্য মালামালের বিবরণ | পরিমাণ (টি) | যে স্থান হতে পরিবহন হবে | যে স্থানে পৌছাবে | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ Stromberg, Finland<br>রেটিং-৫ এমভিএ<br>সিঃ নং-৫১৫৮৪৫৮<br>ওজনঃ ১০.৫ টন | ০২ টি | সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, শিরোমনি, খুলনা। | যশোর পবিস-১ (সদর দপ্তর) | | |
| ০২ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ টেকনো ভেঞ্চার<br>রেটিং-৩.৩৩ এমভিএ<br>সিঃ নং-০০৩<br>ওজনঃ ৮.২ টন | | | | | |
| ০৩ | ভোল্টেজ রেগুলেটর, প্রস্তুতকারকঃ কুপার পাওয়ার<br>রেটিং-৬৫৬ এম্পিয়ার<br>সিঃ নং-CP০০৩৩৭০০২৯৮৩<br>ওজনঃ ২ টন | ০১ টি | যশোর পবিস-১ (সদর দপ্তর) | সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, শিরোমনি, খুলনা। | | |
| | | | | | **সর্বমোট মূল্য =** | |

কথায়ঃ...............................

| | | | |
|---|---|---|---|
| | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | | কথায় | |
| পণ্য প্রেরণের ঠিকানা : | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর। | | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] | |
| প্রস্তাবিত সরবরাহ | | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে | |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের [.............] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: দিন/মাস/বছর |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ০১ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ Stromberg, Finland রেটিং-৫ এমভিএ সিঃ নং-৫১৫৮৪৫৮ ওজনঃ ১০.৫ টন | টি | ০১ | |
| ০২ | ০২ | ৩-ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ টেকনো ভেঞ্চার রেটিং-৩.৩৩ এমভিএ সিঃ নং-০০৩ ওজনঃ ৮.২ টন | টি | ০১ | |
| ০৩ | ০৩ | ভোল্টেজ রেগুলেটর, প্রস্তুতকারকঃ কুপার পাওয়ার রেটিং-৬৫৬ এম্পিয়ার সিঃ নং-CP০০৩৩৭০০২৯৮৩ ওজনঃ ২ টন | টি | ০১ | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. আদেশ জারি হওয়ার ১০ দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে] [কথায় ]।**

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত সেবার সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **১২ মাস (পূর্ণ)**

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |